# নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয়:** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের ১টি শূন্য কাউন্সিলর (সেকশন অফিসার সমমান) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীদের এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ এডুকেশনাল সাইকোলজি / কাউন্সেলিং সাইকোলজি/ ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। তবে উল্লেখিত বিষয়ে এম.ফিল/ পি.এইচ.ডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেণি/ জিপিএ/ সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কাউন্সিলিং সেবা প্রদান, মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালা পরিচালনায় ও গবেষণা সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীদের সরকারী বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীর বয়স অনুর্দ্ধ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে অগ্রাধিকার দেয়া যেতে পারে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী **১৬-০৪-২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে।

০৮/০৩/২৬